

৩২৪



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/ ৫৮-২২

তারিখঃ ২৯ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ
১২ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বেতগাড়ী একরামিয়া বহুমুখী ফাজিল মাদরাসা, ডাকঘরঃ বেতগাড়ী, উপজেলাঃ গংগাচড়া, জেলাঃ রংপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৪.১১.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৫ খ্রিঃ থেকে ২৬.০৪.২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১। অধ্যক্ষ, প্রভাষক (আরবি) ০২ জন, প্রভাষক (বাংলা) ও ইবতেদায়ী প্রধানের শূন্যপদ পূরণ করতে হবে।
- ২। একাডেমিক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ রিপোর্ট সংরক্ষণ এবং শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদানের জন্য শিক্ষকবৃন্দকে নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে।
- ৩। অনুপস্থিত শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে উপস্থিত করানোর বিষয়ে গভর্নিং বডি'র সভায় আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৪। শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি এবং শ্রেণিকক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা করতে হবে।
- ৫। মাদরাসার যে সকল জমি নামজারী নেই সেসব জমি আগামী ১ বছরের মধ্যে নামজারী করতে হবে এবং হালনাগাদ খাজনা পরিশোধ করে বিশ্ববিদ্যালয়কে লিখিতভাবে জানাতে হবে।
- ৬। প্রতিষ্ঠানের সকল আয় ক্যাশ কলাম বইয়ের আয়ের খাতে রশিদ নম্বর উল্লেখসহ লিপিবদ্ধ রাখতে হবে। ব্যয় খাতে ডেবিট ভাউচার তৈরী করে ক্রমিক নং উল্লেখ করে ক্যাশ কলাম বইতে খাত অনুযায়ী লিপিবদ্ধ রাখতে হবে এবং গভর্নিং বডি'র সভার মাধ্যমে আয়-ব্যয়ের অনুমোদন নিতে হবে।
- ৭। গভর্নিং বডি'র সভার মাধ্যমে অর্থ কমিটি ও অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করতে হবে।
- ৮। শিক্ষার্থীদের জন্য নির্ধারিত টয়লেটগুলো সংস্কার করে সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ৯। প্রশাসনিক, একাডেমিক ও অন্যান্য দক্ষতা বৃদ্ধির জন্য উপাধ্যক্ষের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১০। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

Sultana
12.05.2019

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

বেতগাড়ী একরামিয়া বহুমুখী ফাজিল মাদরাসা

ডাকঘরঃ বেতগাড়ী, উপজেলাঃ গংগাচড়া, জেলাঃ রংপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, বেতগাড়ী একরামিয়া বহুমুখী ফাজিল মাদরাসা, ডাকঘরঃ বেতগাড়ী, উপজেলাঃ গংগাচড়া, জেলাঃ রংপুর।
- ৮। অফিস নথি।